পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ৯২২/শা- ২(ক)/প.

তারিখঃ ১৩ কার্তিক ১৪২৫
২৮ অক্টোবর ২০১৮

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

**বিষয়ঃ ২০১৮ সনের অনার্স ১ম বর্ষ নিয়মিত পরীক্ষার ফরম ও ফিস্ জমা দেওয়া প্রসঙ্গে সংশোধিত বিজ্ঞপ্তি।**

মহোদয়,

এতদ্বারা পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮ সনের নভেম্বর মাসে অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০১৮ সনের ১ম বর্ষ অনার্স (২০১৭-১৮ শিক্ষাবর্ষ) বিএ, বিএসএস, বিএসসি ও বিবিএ নিয়মিত পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু পরীক্ষার্থীদেরকে পরীক্ষার আবেদন ফরমপূরণ করে নিম্নোক্ত তারিখের মধ্যে অত্র অফিসে জমা দিতে হবে। ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

**পরীক্ষার ফিস্ ও অন্যান্য ফিসের হার**

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফি- এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরম পূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় পরীক্ষার প্রতি পত্র ফি | ৩০০/- | ০৬/১১/২০১৮ মঙ্গলবার | ০৭/১১/২০১৮ বুধবার | ০৮/১১/২০১৮ বৃহস্পতিবার |
| ০২ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে<br>১. কলেজের জন্য- ৩০০/-<br>২. কেন্দ্রের জন্য- ৪৫০/- | ৭৫০/- | | | |
| ০৩ | কেন্দ্র ফি- ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ১২০/- | | | |
| ০৪ | নন কলেজিয়েট ফিস (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ১৫০০/- | | | |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। পরীক্ষা অত্যাসন্ন বিধায় উক্ত তারিখের পর কোন শিক্ষার্থীর ফরম ও ফিস্ গ্রহণ করা সম্ভব হবে না।**

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

## নিম্নোক্ত নিয়মাবলী অনুযায়ী ফরম ও ফিস্ দাখিল করতে হবে

**০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সনের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাশে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে **"নন-কলেজিয়েট"** শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং **"নন-কলেজিয়েট"** ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থী ক্লাশে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে **"ডিস-কলেজিয়েট"** শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। **"ডিস-কলেজিয়েট"** শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

**০২. আবেদন ফরম সংগ্রহ ঃ**

অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম কলেজ কর্তৃপক্ষের নিকট থেকে সংগ্রহ করে পরীক্ষার্থী স্বহস্তে পূরণ করবেন। পরীক্ষার্থী আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফিস-সহ স্ব-স্ব বিভাগ/অফিসে জমা দিবে।

**০৩. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ**

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে রেজিস্ট্রেশন নম্বর দেখে সঠিকভাবে ফরমপূরণ করে নির্ধারিত ফি-সহ **সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয় কোড ও পেপার কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে**। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লেখিত বিষয় কোড (ব্যবহারিক সহ) লিখতে হবে। বিষয় কোড ও পেপার কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে নিজের নাম, পিতার নাম, বিষয়, বিষয় কোড ও পেপার কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থী অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে ফরমপূরণ করলে তার ফরম বাতিল বলে গণ্য হবে। **পরীক্ষার্থীর ফরমপূরণে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই স্ব স্ব বিভাগের চেয়ারম্যান ও অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরসহ আবেদনের ভিত্তিতে সংশোধন করে নিতে হবে।** আবেদন ফরমের সাথে ভর্তির প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপিসহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**০৪. কলেজের জন্য করণীয় ঃ**

**যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদন জমা দিবে তাদের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত নির্দিষ্ট এক্সেল ফরমেটে Captal Letter -এ সঠিক ও নির্ভূলভাবে এন্ট্রি করে পরীক্ষার্থীদের বিস্তারিত তথ্যের (রোলশীট) হার্ডকপি ও সফ্টকপি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।** পরীক্ষার্থীদের তথ্য প্রেরণে কোন প্রকার ভুল থাকলে তার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে। এছাড়াও ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণী যাচাই করার পর সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এর ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

**০৫. ফি জমাদানের পদ্ধতি ঃ**

২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৬. **ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ** ঃ

২০১৮ সনের অনার্স ১ম বর্ষ (২০১৭-১৮ শিক্ষাবর্ষ) পরীক্ষার্থীদের ফরমপূরণের সময় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও **ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত ইনকোর্স নম্বর এক্সেলশীটে (সফ্‌টকপি ও হার্ডকপি) প্রেরণ করতে হবে**। এর এককপি নম্বরপত্র অত্র অফিসের সংশ্লিষ্ট শাখার পরীক্ষা উপ-নিয়ন্ত্রক মহোদয়ের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

মেমো নংঃ- ৯২৩/শা- ২(ক)/প.　　　　তারিখঃ ১২ কার্তিক ১৪২৫ / ২৮ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হলঃ

১। ডীন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪। কলেজ পরিদর্শক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫। হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬। পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্বদিবদ্যালয়।
৭। উপ-রেজিস্ট্রার, (শিক্ষা/ভর্তি), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১১। সহকারী রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষ মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১২। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক ও সেকশন অফিসার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৩। ম্যানেজার, সোনালী/জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**(মোঃ বাহালুল হক চৌধুরী)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালদয়
Email: examcontrollera7c@du.ac.bd

28 OCT 2018